দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 12 APR 1997 ...
পৃঃ ৪ কলাম ১

02

# অর্থ সঙ্কট ॥ অচলাবস্থার মুখে চট্টগ্রাম ভার্সিটি

**মোয়াজ্জেমুল হক,** *চট্টগ্রাম অফিস*

চরম অর্থ সঙ্কটে পড়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। প্রয়োজনীয় অর্থের অভাবে এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন খাত যেকোন মূহূর্তে একেবারে অচল হয়ে যেতে পারে। খবর বিশ্ববিদ্যালয়ের দায়িত্বশীল সূত্রের।

সূত্র জানায়, চলতি অর্থবছরের প্রায় শেষ পর্যায়ে এসে কর্তৃপক্ষ প্রায় ১ কোটি টাকা ঘাটতির সম্মুখীন। অর্থের অভাবে গবেষণাবৃত্তি, পরিবহন, রক্ষণাবেক্ষণ ও বিদ্যুত বিল খাত ও কর্মচারীদের ওভারটাইম বেতন খাতের তহবিল প্রায় শূন্য। বিদ্যুত বিল পরিশোধ খাতে ৩০ লাখ টাকা, ছাত্রছাত্রীদের পরিবহন তথা বাস ভাড়া খাতে ১২ লাখ টাকা বকেয়া পড়েছে। বাস মালিকরা ইতোমধ্যেই বকেয়া পরিশোধ না করা হলে বাস চলাচল বন্ধ করার হুমকি দিয়েছে।

উল্লেখ্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের জন্য সরকার প্রতি অর্থবছরে ২৩ কোটি টাকা মঞ্জুরি প্রদান করে থাকে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চলতি অর্থবছরের শুরুতে ২৯ কোটি টাকা মঞ্জুরি চেয়েছিল। কিন্তু বরাদ্দ হয়েছে ২৩ কোটি টাকা। সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ে নতুন ৪টি বিভাগ খোলায় রক্ষণাবেক্ষণ ও পরিবহন খাতে ব্যয় বৃদ্ধি পাওয়ায় এ অবস্থার সৃষ্টি হয়েছে।

বৃহস্পতিবার বিকালে বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স কমিটি এক জরুরী বৈঠকে মিলিত হয়ে পরিস্থিতি পর্যালোচনা করে। সভায় এ ব্যাপারে সরকারের কাছে জরুরী ভিত্তিতে বাড়তি ১ কোটি টাকা বরাদ্দের আবেদনের সিদ্ধান্ত গৃহীত হয়। সূত্র জানায়, আজ ১২ এপ্রিল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে শিক্ষা মন্ত্রণালয় এবং আগামীকাল শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এ ব্যাপারে ভিসি অধ্যাপক আবদুল মান্নানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি আর্থিক সঙ্কটের কথা স্বীকার করেন এবং বলেন যে, বিশ্ববিদ্যালয় অর্থাভাবে অচলাবস্থার সম্মুখীন হচ্ছে।